পদক্ষেপ
মানবিক উন্নয়ন কেন্দ্র

পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র
Since-1986

বাড়ী নং- ৫৪৮, রোড নং- ১০, বায়তুল আমান হাউজিং সোসাইটি, আদাবর, মোহাম্মদপুর, ঢাকা- ১২০৭।
ফোনঃ ৫৮১৫১১২৬, ৯১২৮৮২৪, ০১৭৭৭৭৯১১২২, E-mail: pmuk@padakhep.org, info@padakhep.org, Web: www.padakhep.org

স্মারক নংঃ পদ/পক/এইচ.আর এন্ড এডমিন/২০১৯/৩৯৬৪ তারিখ ঃ ৩০/১০/২০১৯ খ্রিষ্টাব্দ

অফিস সার্কুলার

বিষয় ঃ ক্ষুদ্র অর্থায়ন কর্মসূচীর আওতাভূক্ত বিভিন্ন ব্রাঞ্চের ৫৬ জন স্নাতক ও স্নাতকোত্তর পাশ কমিউনিটি ম্যানেজার (CM) দের "শিক্ষা ভাতা" বা "Education Allowance" প্রদানের মঞ্জুরী প্রসঙ্গে।

সূত্র ঃ স্মারক নং-পদ/পক/এইচআর এন্ড এডমিন/১৩/৮৩৩, তারিখ ঃ ৩১/০৩/২০১৩ খ্রিঃ মোতাবেক প্রচলিত "বিশেষ ভাতা সংক্রান্ত নীতিমালা-২০১৩" এর অনুচ্ছেদ নং ৩.৫ এ বর্ণিত বিভিন্ন ধারা উপধারা।

ক. বর্ণিত বিষয় ও সূত্রের আলোকে সংস্থার ক্ষুদ্র অর্থায়ন কর্মসূচীর **"কমিউনিটি ম্যানেজার"** পদে যোগদানের জন্য নির্ধারিত শিক্ষাগত যোগ্যতার অতিরিক্ত যোগ্যতা অর্জনকারীদেরকে উক্ত পদে যোগদানে অনুপ্রাণিত করার জন্য নির্ধারিত মাসিক বেতনের পাশাপাশি "শিক্ষা ভাতা" বা "Education Allowance" প্রদান চলমান আছে।

খ. বর্তমানে (৩৮তম পর্যায়ে) সংস্থার ক্ষুদ্র অর্থায়ন কর্মসূচীর আওতায় নতুন যোগদানকৃত ৪৭ জন এবং সম্প্রতি স্নাতক ও স্নাতকোত্তর পাশ করেছেন এমন ৯ জন পুরাতন কর্মী সহ মোট ৫৬ জন (তালিকা সংযুক্ত) স্নাতক ও স্নাতকোত্তর পাশ কমিউনিটি ম্যানেজার (CM) দের "শিক্ষা ভাতা" বা "Education Allowance" প্রদান মঞ্জুর করা হলো।

গ. তালিকায় উল্লেখিত কর্মীগণ তাদের শিক্ষাগত যোগ্যতা অনুসারে নিম্নোক্ত ছক মোতাবেক "শিক্ষা ভাতা" বা "Education Allowance" প্রাপ্য হবেন।

ক্রম নং	শিক্ষাগত যোগ্যতা	মাসিক শিক্ষা ভাতার পরিমান (টাকা)
০১	স্নাতক (পাস) / স্নাতক (সম্মান) বা এর সমমানের ডিগ্রি	৪০০.০০
০২	স্নাতকোত্তর পাশ বা এর সমমানের ডিগ্রি	৬০০.০০

ঘ. এছাড়া "বিশেষ ভাতা সংক্রান্ত নীতিমালা-২০১৩" এর অনুচ্ছেদ নং ৩.৫ এর উপ অনুচ্ছেদ নং ৩.৫.২ থেকে ৩.৫.৮ এর বর্ণনা ও ৪টি নতুন সংযোজিত ধারা অনুযায়ী "শিক্ষা ভাতা" প্রদানের ক্ষেত্রে নিম্নে উল্লেখিত শর্তাবলী সমূহ আবশ্যিকভাবে প্রতিপালন প্রযোজ্য হবে।

ঘ.১ শিক্ষা ভাতা প্রাপ্তির জন্য যোগ্য কমিউনিটি ম্যানেজার (CM) দের হালনাগাদ তালিকা মানব সম্পদ ও প্রশাসন বিভাগ থেকে অফিস আদেশ মারফত যথাসময়ে জানিয়ে দেয়া হবে। অপরদিকে, পুরাতন কোন কর্মী যদি কর্মকালীন সময়ে উপরোক্ত "গ" অনুচ্ছেদে বর্ণিত শিক্ষাগত যোগ্যতা অর্জন করে থাকেন, তবে শিক্ষাগত যোগ্যতা অর্জনের প্রমাণপত্র হিসেবে মূল নম্বরপত্র ও সনদপত্রের সত্যায়িত (ব্রাঞ্চ ম্যানেজার কর্তৃক) অনুলিপি সংযুক্ত করতঃ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্বাহী পরিচালক বরাবর আবেদন প্রেরণ পরবর্তীতে মানব সম্পদ ও প্রশাসন বিভাগ কর্তৃক ইস্যুকৃত অনুমোদন/মঞ্জুরী পত্র প্রাপ্তি সাপেক্ষে আবেদনকারী উপরোক্ত হারে শিক্ষা ভাতা প্রাপ্য হবেন।

ঘ.২ কর্মীর চাকুরীতে যোগদানের প্রথম ৩ (তিন) মাস কর্মীর জন্য নির্ধারিত কাজ শিক্ষার ও দায়িত্ব গ্রহণের প্রস্তুতিমূলক সময় হিসেবে বিবেচনা করা হবে। চাকুরীতে যোগদানের প্রথম তিন মাস পূর্তিতে স্নাতক (পাস)/স্নাতক (সম্মান) বা এর সমমানের শিক্ষাগত যোগ্যতাধারীদের ন্যনতম ৩৫ লক্ষ টাকা এবং স্নাতকোত্তর বা এর সমমানের শিক্ষাগত যোগ্যতাধারীদের ন্যনতম ৩৮ লক্ষ টাকা ভাল ঋণস্থিতি পরিচালনার সক্ষমতা অর্জন করতে হবে। **এক্ষেত্রে সংযুক্ত তালিকায় উল্লেখিত কর্মীরা সংস্থায় যোগদানের তারিখ থেকে প্রথম ৩ (তিন) মাস ভাল ঋণস্থিতির নির্ধারিত মান (শিক্ষাগত যোগ্যতা ভেদে) বজায় না থাকলেও সয়ংক্রিয়ভাবে প্রত্যেকে অনুমোদিত পরিমাণ শিক্ষা ভাতা প্রাপ্য হবে এবং চাকুরির বয়স ৩ (তিন) মাস উত্তীর্ণ হবার পর থেকে যে মাসে ভাল ঋণস্থিতির নির্ধারিত মান বজায় থাকবে সে মাসে অনুমোদিত পরিমাণ শিক্ষা ভাতা প্রাপ্য হবে এবং যে মাসে ভাল ঋণস্থিতির নির্ধারিত মান বজায় থাকবে না সে মাসে শিক্ষা ভাতা প্রাপ্য হবে না।**

ঘ.৩ অপরদিকে, বদলী জনিত কারনে **ঘ.২** এ উল্লেখিত ঋণস্থিতির ন্যনতম সীমা / পরিমান কোন মাসে বজায় না থাকা সত্ত্বেও বিশেষ বিবেচনায় একজন কর্মীকে পুরাতন ব্রাঞ্চের (৬ মাসের বেশী বয়েসী ব্রাঞ্চ) ক্ষেত্রে পরপর সর্বোচ্চ ৩ (তিন) মাস এবং নতুন ব্রাঞ্চের (০-৬ মাস বয়েসী ব্রাঞ্চ) ক্ষেত্রে পরপর সর্বোচ্চ ৬ (ছয়) মাস পর্যন্ত "শিক্ষা ভাতা" প্রদান করা যাবে। তবে বদলী কার্যকর পরবর্তীতে উক্ত সময়ের মধ্যে স্নাতক (পাস) / স্নাতক (সম্মান) বা এর সমমানের শিক্ষাগত যোগ্যতাধারীদের ন্যনতম ৩৫ লক্ষ টাকা এবং স্নাতকোত্তর বা এর সমমানের শিক্ষাগত যোগ্যতা ধারীদের ন্যনতম ৩৮ লক্ষ টাকা ভাল ঋণস্থিতি পরিচালনার সক্ষমতা অর্জন করতে হবে। **নতুবা শিক্ষাগত যোগ্যতা ভেদে যে মাসে ভাল ঋণস্থিতির নির্ধারিত মান বজায় থাকবে সে মাসে অনুমোদিত পরিমাণ শিক্ষা ভাতা প্রাপ্য হবে এবং যে মাসে ভাল ঋণস্থিতির নির্ধারিত মান বজায় থাকবে না সে মাসে শিক্ষা ভাতা প্রাপ্য হবে না।**

পদক্ষেপ
মানবিক উন্নয়ন কেন্দ্র
পদক্ষেপ
মানবিক উন্নয়ন কেন্দ্র
Since-1986
বাড়ী নং- ৫৪৮, রোড নং- ১০, বায়তুল আমান হাউজিং সোসাইটি, আদাবর, মোহাম্মদপুর, ঢাকা- ১২০৭।
ফোনঃ ৫৮১৫১১২৬, ৯১২৮৮২৪, ০১৭৭৭৭৯১১২২, E-mail: pmuk@padakhep.org, info@padakhep.org, Web: www.padakhep.org

ঘ.৪ তালিকায় উল্লেখিত প্রত্যেক কর্মী তার শিক্ষা ভাতা কার্যকরের তারিখ থেকে প্রযোজ্য শিক্ষা ভাতা (প্রয়োজনে Arrear সহ) প্রাপ্য হবে।

ঘ.৫ ব্রাঞ্চ অফিসার (হিসাব) পদের ভারপ্রাপ্ত দায়িত্ব পালন কিংবা ডেপুটেশনে অন্য কোন প্রোগ্রামে দায়িত্ব পালনরত কমিউনিটি ম্যানেজারগণ নিয়মানুযায়ী শিক্ষা ভাতা প্রাপ্য হবেন। তাদের বেলায় **ঘ.২ ও ঘ.৩ তে উল্লেখিত** শিক্ষাগত যোগ্যতা ভেদে ভাল ঋণস্থিতির নির্ধারিত মান (স্নাতক পাশের ক্ষেত্রে ন্যূনতম ৩৫ লক্ষ এবং স্নাতকোত্তর পাশের ক্ষেত্রে ন্যূনতম ৩৮ লক্ষ টাকা) বজায় সংক্রান্ত শর্তাবলী প্রযোজ্য হবে না।

ঘ.৬ শিক্ষা ভাতা প্রাপ্ত কোন সিএম পদোন্নতি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ প্রাপ্তি পরবর্তীতে পরপর তিন বার পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পেয়েও বা সুযোগ থাকা স্বত্ত্বেও পদোন্নতি অর্জনে ব্যর্থ হলে তার প্রাপ্য শিক্ষা ভাতা বাতিল বলে গণ্য হবে।

ঘ.৭ অপরদিকে, পদোন্নতি বা পদায়ন বা অন্য কোনভাবে কর্মী মূল্যায়িত হয়ে উচ্চতর কোন পদে আসীন হলে সংশ্লিষ্ট কর্মীর প্রাপ্য শিক্ষা ভাতা বাতিল বলে গণ্য হবে।

ঘ.৮ এক্ষেত্রে ঘ.৬ ও ঘ.৭ এর বর্ণনার আলোকে কোন কর্মী পরপর তিন বার পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পেয়েও বা সুযোগ থাকা স্বত্ত্বেও পদোন্নতি অর্জনে ব্যর্থ হলে কিংবা কোন কর্মী পদোন্নতি বা পদায়ন বা অন্য কোনভাবে মুল্যায়িত হয়ে উচ্চতর কোন পদে আসীন হলে সংশ্লিষ্ট কর্মীর শিক্ষা ভাতার মঞ্জুরী ব্রাঞ্চ ম্যানেজারের প্রস্তাবনা, এরিয়া ম্যানেজারের সুপারিশ ও জোনাল ম্যানেজারের অনুমোদনে স্থায়ী ভাবে বাতিল করতে হবে। এতদ্ সংক্রান্ত বিষয় কর্মীকে চিঠি দিয়ে অবগত করতে হবে যার অনুলিপি কর্মীর ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য মানব সম্পদ ও প্রশাসন বিভাগে প্রেরণ করতে হবে।

ঙ. **বর্ণিত শর্তাবলী এবং কর্মী ভিত্তিক তালিকায় উল্লেখিত ভাতার পরিমাণ ও কার্যকরের তারিখ** অনুসারে সংশ্লিষ্ট কর্মীদের "শিক্ষা ভাতা" বা "Education Allowance" প্রদান / কার্যকর করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষকে নির্দেশ দেয়া যাচ্ছে।

চ. "শিক্ষা ভাতা" বা "Education Allowance" প্রদানের ক্ষেত্রে বর্ণিত শর্তাবলীর কোনরূপ ব্যত্যয় বা অনিয়ম পরিলক্ষিত হলে এবং নিরীক্ষা, তদন্ত বা মনিটরিংকালে এরূপ কোন অসংগতি উদঘাটিত হলে সংশ্লিষ্ট তত্ত্বাবধায়কদের বিরূদ্ধে প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে এবং নিয়ম ভেঙ্গে প্রদানকৃত সমূদয় অর্থ দায়ী তত্ত্বাবধায়কদের নিকট থেকে আদায় করা হবে।

ছ. এই অফিস আদেশের বর্ণিত নির্দেশনা প্রতিপালনের সুবিধার্থে কোনরূপ ব্যাখ্যার প্রয়োজন হলে মানব সম্পদ ও প্রশাসন বিভাগের সাথে যোগাযোগ করা যেতে পারে।

জ. এই অফিস আদেশের কোন শব্দ, ছত্র ও অনুচ্ছেদ পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন, সংযোজন ও বিয়োজনের ক্ষমতা অত্র সংস্থার ব্যবস্থাপনা কর্তৃপক্ষ সংরক্ষণ করবেন।

(মোঃ সালেহ বিন সামস)
নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব)
এবং পরিচালক (মাইক্রোফিন্যান্স)

সংযুক্তি ঃ শিক্ষা ভাতা প্রাপ্তি যোগ্য ৫৬ জন কর্মীর তালিকা।

অনুলিপি (ই-মেইলে প্রেরিত হলো)

১. সকল ব্যবস্থাপনা ইউনিট প্রধান, প্রধান কার্যালয়।
২. সহকারী ব্যবস্থাপক, আইসিটি বিভাগ, প্রধান কার্যালয় (**অফিস সার্কুলারটি সংস্থার ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য**)।
৩. সংশ্লিষ্ট জোনাল ম্যানেজার / এরিয়া ম্যানেজার / ব্রাঞ্চ ম্যানেজার (**ই-মেইল থেকে হার্ডকপি প্রিন্ট দিয়ে সংশ্লিষ্ট কর্মীদের ছায়ানথিতে সংরক্ষণ করার পাশাপাশি নিয়মানুযায়ী প্রযোজ্য Arrear সহ তাদের প্রাপ্য শিক্ষা ভাতা প্রদান নিশ্চিত করবেন**)।
৪. সংশ্লিষ্ট কর্মীদের ব্যক্তিগত নথি।
৫. অফিস কপি।